

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

بَابُ الْإِيْمَانِ بِالْقَدْرِ

আরবী

وَعَن عمرَان بن حضين: إِن رجلَيْنِ من مزينة أَتَيَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَا يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ مَا يَعْمَلُ النَّاسُ الْيَوْمَ وَيَكْدَحُونَ فِيهِ أَشِيءٌ قُضِيَ عَلَيْهِمْ وَمَضَى فيهم من قدر قد سَبَقَ أَقْ فِيمَا يَسْتَقْبِلُونَ بِهِ مِمَّا أَتَاهُمْ بِهِ نَبِيُّهُمْ وَتَبَتَتِ الْحُجَّةُ عَلَيْهِمْ فَقَالَ لَا بَلْ شَيْءٌ قُضبِيَ عَلَيْهِمْ وَمَضى فِيهِمْ وَتَصِيْدِيقُ ذَلِكَ فِي كِتَابِ اللَّهِ عَزَّ وَجَلَّ عَلَيْهِمْ وَتَصِيْدِيقُ ذَلِكَ فِي كِتَابِ اللَّهِ عَزَّ وَجَلَّ (وَنَفْسٍ وَمَا سواهَا فألهمها فجورها وتقواها)

رَوَاهُ مُسلم

বাংলা

৮৭-[৯] ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। মুযায়নাহ্ গোত্রের দুই লোক রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত হয়ে বলল, হে আল্লাহর রসূল! আপনি কি মনে করেন, মানুষ এখন (দুনিয়াতে) যা আ'মাল (ভাল-মন্দ) করছে এবং 'আমল করার চেষ্টায় রত আছে, তা আগেই তাদের জন্য তারুদীরে লিখে রাখা হয়েছিল? নাকি পরে যখন তাদের নিকট তাদের নবী শারী'আহ্ (দলীল-প্রমাণ) নিয়ে এসেছেন এবং তাদের নিকট তার দলীল-প্রমাণ প্রকটিত হয়েছে, তখন তারা তা করছে? উত্তরে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না, বরং পূর্বেই তাদের জন্য তারুদীরে এসব নির্দিষ্ট করা হয়েছে ও ঠিক হয়ে রয়েছে। এ কথার সমর্থনে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কুরআনের এ আয়াত পাঠ করলেন (অনুবাদঃ) 'প্রাণের কসম (মানুষের)! এবং যিনি তাকে সুন্দরভাবে গঠন করেছেন এবং তাকে (পূর্বেই) ভালো ও মন্দের জ্ঞান দিয়েছেন''- (সূরাহ্ আল লায়ল ৯২: ৭-৮)। (মুসলিম)[1]

English

Chapter: Belief in the Divine Decree - Section 1

'Imran b, Husain told of two men of Muzaina who said, "Messenger of God, tell us whether what men do to-day and strive over is something which has



been destined for them and has previously been decreed for them, or whether it is something their prophet has brought them with which they are encountered and which has become binding upon them." He replied, "No, it is something which has been destined for them and previously decreed for them." The verification of that is found in God's Book which says, "By a soul and Him who formed it and implanted in it its wickedness and its piety."

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৫০, আহমাদ ১৯৯৩৬, সহীহ ইবনু হিব্বান ৬১৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَشَيْءٌ قُصْبِيَ عَلَيْهِمْ) অর্থাৎ- আপনি আমাদের অবহিত করুন মানবজাতি ভালো-মন্দ যে কাজ করে তা-কি তাদের জন্য যেভাবে ফায়সালা করা হয়েছে সে অনুযায়ী করে? আর তা তাদের জন্য নির্ধারিত সময়ে তা সংঘটিত হয়? নাকি তা তাদের জন্য ফায়সালাকৃত নয়? বরং সকল কাজই সংঘটিত হয় ভবিষ্যতে যা সে সম্পাদন করতে চায় সে চাহিদা অনুযায়ী তারুদীর অনুযায়ী না হয়ে?

এতে কোন সন্দেহ নেই যে, যা কিছু ঘটে তা পূর্ব নির্ধারিত তারুদীর অনুযায়ীই ঘটে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন